নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২১৮ ২২ জুলাই ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবির সিআর, বৈষম্যবিরোধী আন্দোলনের নেতৃবৃন্দ ক্লাব ও সংগঠনের সঙ্গে উপাচার্যের মতবিনিময়

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শ্রেণি প্রতিনিধি (সিআর), বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ক্লাব ও সংগঠনের সঙ্গে উপাচার্যের (রুটিন দায়িত্ব) মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২২ জুলাই ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে বিশ্ববিদ্যালয়ে জুলাই স্মরণ অনুষ্ঠানমালা বাস্তবায়নের লক্ষ্যে ওই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এতে সভাপতিত্ব করেন নোবিপ্রবি মাননীয় উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ।

মতবিনিময়কালে উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেয়ার ক্ষেত্রে শিক্ষার্থীসহ সকলের সহযোগিতা কামনা করেন ও তাদের মূল্যবান পরামর্শকে সাধুবাদ জানান। এসময় উপস্থিত ছিলেন নোবিপ্রবি ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক ড. শিবলুর রহমানসহ শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ। সভা সঞ্চালন করেন নোবিপ্রবি প্রক্টর এ এফ এম আরিফুর রহমান।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪